109198 - যদি কেউ মোবাইল থেকে কিংবা মুখস্থ থেকে কুরআন পড়ে তার সওয়াব কি কম হবে?

প্রশ্ন

যদি আমি মোবাইল থেকে কিংবা আমার মুখস্থ থেকে কুরআন পড়ি; মুসহাফ (গ্রন্থ) থেকে না পড়ি তাহলে কি আমার সওয়াব কম হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কুরআন তেলাওয়াতের ক্ষেত্রে উত্তম হচ্ছে- যেভাবে পড়লে ব্যক্তির একাগ্রতা বাড়ে সেভাবে তেলাওয়াত করা। যদি মুখস্থ থেকে পড়লে একাগ্রতা বাড়ে তাহলে সেটাই উত্তম। আর যদি মুসহাফ থেকে পড়লে কিংবা মোবাইল থেকে পড়লে একাগ্রতা বাড়ে তাহলে সেটা করা উত্তম।

ইমাম নববী (রহঃ) 'আল-আযকার' গ্রন্থে (পৃষ্ঠা- ৯০-৯১) বলেন:

"মুসহাফ থেকে কুরআন পড়া মুখস্থ থেকে পড়ার চেয়ে উত্তম। আমাদের মাযহাবের আলেমগণ এমনটি বলেছেন। সলফে সালেহীনদের থেকেও এটাই প্রসিদ্ধ অভিমত। তবে, এটি সর্বক্ষেত্রে নয়। বরঞ্চ মুখস্থ থেকে তেলাওয়াতকারীর তাদাব্বুর, তাফাক্কুর, মন ও দৃষ্টির উপস্থিতি এভাবে একত্রিত হয় যা মুসহাফ থেকে তেলাওয়াতকারীর হয় না। অতএব, মুখস্থ থেকে তেলাওয়াত করাই উত্তম। আর যদি উভয় প্রকারের পড়া সম-মানের হয় তাহলে মুসহাফ থেকে পড়াই উত্তম। সলফে সালেহীনদের এটাই উদ্দেশ্য।[সমাপ্ত]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে মুসহাফে দৃষ্টি দেয়ার ফযিলত সম্পর্কে কিছু দুর্বল হাদিস বর্ণিত হয়েছে যেগুলো দিয়ে দলিল দেয়ার উপযুক্ত নয়।

শাইখ বিন বায (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল: মুসহাফ থেকে কুরআন পড়া কিংবা মুখস্থ থেকে কুরআন পড়ার মধ্যে সওয়াবের মধ্যে কি কোন পার্থক্য আছে? যখন মুসহাফ থেকে কুরআন পড়া হয় তখন কি দুই চোখ দিয়ে পড়াই যথেষ্ট; নাকি ঠোঁট নাড়তে হবে? নাকি শব্দও বের করতে হবে?

জবাবে তিনি বলেন: আমি এমন কোন দলিল জানি না যাতে মুসহাফ থেকে কুরআন পড়া বা মুখস্থ থেকে কুরআন পড়ার মধ্যে পার্থক্য করা হয়েছে। তবে, শরিয়তের বিধান হচ্ছে- তাদাব্বুর ও মনোযোগ দিয়ে পড়া। সেটা মুসহাফ থেকে হোক কিংবা

মুখস্থ থকেে হাকে। পাঠকারী যদি নজিে শুনে তখন এটাকে পড়া বলা হবে। শুধু চোখ দয়িে দখো যথষ্টে নয়। অনুরূপভাবে উচ্চারণ না করে মনে মনে পড়াও যথষ্টে নয়। সুন্নত হচ্ছে- তলোওয়াতকারী উচ্চারণ করবে এবং তাদাব্বুর করবে। যমেনটি আল্লাহ্ তাআলা বলছেনে: "এক মুবারক কতিাব, আপনার প্রতি নাযলি করছে,ি যাতে মানুষ এর আয়াতসমূহে তাদাব্বুর করে (গভীরভাবে চন্িতা করে) এবং যাতে বোধশক্তসিম্পন্ন ব্যক্তরিা উপদশে গ্রহণ করে।"[সূরা সোয়াদ, আয়াত: ২৯]

তনিি আরও বলনে: তবে কি তারা কুরআন নয়িে গভীর চন্িতা করে না? নাকি তাদরে অন্তরসমূহে তালা রয়ছে?"[সূরা মুহাম্মদ ৪৭:২৪] সুতরাং মুখস্থ থকেে পড়া যদি অন্তররে একাগ্রতা ও গভীর চন্িতা-ভাবনা করার অধকি উপযুক্ত হয় তাহলে সটোই উত্তম। আর যদি মুসহাফ থকেে পড়া অন্তররে একাগ্রতা ও গভীর চন্িতা-ভাবনার অধকি উপযুক্ত হয় তাহলে সটোই উত্তম। আল্লাহ্ই তাওফকিদাতা।[মাজমুউ ফাতাওয়াস শাইখ বনি বায (২৪/৩৫২)]

এ আলোচনার পরপ্রিক্ষেতিে স্পষ্ট হয়ে গলে য,ে আপনি যদি একাগ্র চত্িতে ও গভীর চন্িতা-ভাবনাসহ মোবাইল থকেে কুরআন পড়নে তাহলে ইনশাআল্লাহ্ আপনার সওয়াবে কমতি হবে না। কারণ মূল উদ্দশ্যে হচ্ছে- অন্তররে উপস্থতিি ও কুরআনরে মাধ্যমে উপকৃত হওয়া।

আল্লাহ্ই সর্বজ্ঞ।